

Regional Enrichment Centers



Bill de Blasio
Mayor

Richard A. Carranza
Chancellor

পরিবারবর্গের জন্য উপরিচিত

একটি রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার (REC) কী?

একটি REC হচ্ছে COVID-19-এ সাড়া দেয়ার প্রচেষ্টায় অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রথম সাড়াদানকারীদের চাইল্ড কেয়ার প্রদানের জন্যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের তৈরি করা একটি নিরাপদ, সমৃদ্ধিমূলক স্থান।

সিটিজুড়ে প্রায় 100টি REC-এর প্রতিটি দূর থেকে (রিমোট) শিক্ষা নির্দেশনা; দিনে তিন বেলা গরম খাবার পরিবেশন; এবং আর্ট, মিউজিক, ও শরীরচর্চা শিক্ষার পাশাপাশি চাইল্ডকেয়ার প্রদান করবে। K-12 সাইটগুলোর পাশাপাশি, REC-গুলো আর্লি চাইল্ডকেয়ার সেন্টার অন্তর্ভুক্ত করবে এবং প্রতিটি স্কুল ডিস্ট্রিক্টেই সেগুলো পাওয়া যাবে।

আউটরিচ-এর প্রথম স্তরে রয়েছে স্বাস্থ্য সেবা প্রদানকারী, প্রথম সাড়াদানকারী, এবং গুরুত্বপূর্ণ পরিবহন কর্মিগণ। আমরা যখন সামনে অগ্রসর হয়ে যাব, আমরা অতিরিক্ত প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারী এবং শেল্টারে বসবাসকারী ছেলেমেয়েদের অন্তর্ভুক্ত করার চেষ্টা করবো।

আমাদের চিকিৎসাগতভাবে দুর্বল শিক্ষার্থীর ভলোর জন্যে, আমরা তাদের REC-তে উপস্থিত না হতে পরামর্শ দিচ্ছি, এবং তাদের অব্যাহত চিকিৎসা পরিষেবা প্রদানের জন্যে ডিপার্টমেন্ট অভ হেলথ-এর সাথে কাজ করছি।

REC-গুলো কখন খোলা হবে?

REC-গুলো সোমবার, 23 মার্চ, 2020 তারিখ থেকে কার্য পরিচালনা শুরু করবে।

আমি সন্তানকে কীভাবে এনরোল (তালিকাভুক্ত) করতে পারি?

প্রথম সাড়াদানকারী ও স্বাস্থ্য সেবা প্রদানকারী; পরিবহন কর্মি; আবর্জনা অপসারণ (স্যানিটেশন) কর্মি; সিটি এজেন্সিগুলোর গুরুত্বপূর্ণ স্টাফসহ সম্মুখসারীর কর্মিবৃন্দের সন্তানদের একটি সহজলভ্য অনলাইন ফর্মের মাধ্যমে এনরোল করার জন্যে; DOE তাদের এবং অংশীদার সংস্থা/এজেন্সিগুলোর সাথে যোগাযোগ করছে। অফারকৃত সাইটসহ পরিবারদের একটি জবাব দেয়া হবে; এবং তাদের বাড়ির ভৌগলিক নৈকট্যকে প্রাধান্য দেয়া হবে।

আমার সন্তানের কি REC-তে সাথে করে কিছু নিয়ে আসার প্রয়োজন আছে?

দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) ব্যবহারের জন্যে আপনার সন্তানের একটি ডিভাইস (যেমন, ল্যাপটপ, ট্যাবলেট, অথবা ফোন) নিয়ে আসা উচিত, যদি সম্ভব হয়।

একটি সাধারণ দিন কেমন হবে?

এটা খোলা থাকবে: 7:30 a.m. – 6:00 p.m.

প্রোথামের সম্ভাব্য সময়সূচি:

- সকাল: দূর থেকে শেখার (রিমোট লার্নিং) কর্মকাণ্ড
- দুপুর:
 - আর্টস
 - ফিজিক্যাল এডুকেশন (শরীরচর্চা শিক্ষা) এবং স্পোর্টস (3 p.m. – 6 p.m.)

আপনি REC-গুলো কীভাবে নিরাপদ রাখবেন?

শিক্ষার্থী ও স্টাফ সদস্যদের স্বাস্থ্য ও নিরাপত্তা আমাদের সর্বোচ্চ প্রাধান্য। REC-গুলোতে সকল পারস্পরিক দূরত্ব (সোশ্যাল ডিসটেন্স) বজায় রাখা হবে, এতে অন্তর্ভুক্ত প্রত্যেকের মাঝে 6 ফিট দূরত্ব বজায় রাখা এবং ক্লাসরুমগুলোতে 9 জন শিক্ষার্থীর কম রাখা হবে। কেউ অসুস্থ বোধ করলে তার বাড়িতে থাকা উচিত। সাইটগুলো নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন এবং জীবাণুমুক্ত করা হবে।

এই সাইটগুলোতে কারা কর্মরত থাকবেন?

REC-গুলো নিবেদিত DOE স্টাফ দ্বারা পরিচালিত হবে, এর পাশাপাশি থাকবে আমাদের অংশীদার কয়েক ডজন কমিউনিটি ভিত্তিক সংগঠন। অসংখ্য DOE কর্মিবৃন্দ যারা ইতিমধ্যেই এই সাইটগুলোতে সাহায্য করার জন্যে হাত বাড়িয়ে দিয়েছেন, আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।

আর কোনও প্রশ্ন আছে কি?

আরও তথ্যের জন্য schools.nyc.gov/recs ভিজিট করুন।